

## চলিত রূপঃ

তারপর স্বর্গীয় দূত আগে যে টাকওয়ালা ছিল, তার কাছে গেলেন। সেখানে গিয়ে আগের মত একটি গাভি চাইলেন। সেও ধবল রোগীর মতো তাকে কিছুই দিলোনা। তখন স্বর্গীয় দূত বললেন, আচ্ছা, যদি তুমি মিথ্যা বলে থাক, তবে যেমন ছিলে আল্লাহ তোমাকে আবার তেমনি করবেন।

তারপর স্বর্গীয় দূত আগে যে অন্ধছিল, তার কাছে গিয়ে বললেন, আমি এক বিদেশি বিদেশে আমার সম্বল ফুরিয়ে গিয়েছে। এখন আল্লাহর দয়া ছাড়া আমার দেশে পৌঁছবার আর কোনা উপায় নেই। যিনি তোমার চোখ ভালো করে দিয়েছেন, আমি তোমাকে সেই আল্লাহর দোহাই দিয়ে একটি ছাগল চাচ্ছি; যেন আমি সেই ছাগল-বেচা টাকা দিয়ে দেশে ফিরে যেতে পারি।